

তথ্য কমিশনে ২২-০৫-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০৪ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৩ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে রাজশাহী সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উপ-সচিব (প্রশাসন-১), রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং ঢাকার সাভার উপজেলা নির্বাহী অফিসারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে সাতক্ষীরার তালা উপজেলার সহকারী কমিশনার (ভূমি), মহাখালী স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক, লক্ষীপুরের চরশাহী ইসলামীয়া আলীম মাদ্রাসার প্রভাষক এবং সিলেট সিটি কর্পোরেশনের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

কুমিল্লার চৌদ্দগ্রামের ৫ নং শুভপুর ইউনিয়ন পরিষদের সচিব, ঢাকার নবাবগঞ্জের শিকারীপারা ইউনিয়ন পরিষদের সচিব এবং নারায়ণগঞ্জের ফতুল্লা ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

২২-০৫-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd